দৈনিক বাংলা

59

তারিখ ... 25 MAR 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

৭

# ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে সহযোগিতা করুন ঃ ভিসি

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে রাজনৈতিক ও আদর্শিক মতপার্থক্য ভুলে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার জন্য সর্বস্তরের জনগণের প্রতি আহবান জানিয়েছেন।

গতকাল ভিসি হিসাবে দায়িত্বভার গ্রহণের পর তিনি এই আহবান জানান।

ভাইস চ্যান্সেলর বলেন, সশস্ত্র সন্ত্রাসের ফলে গত কয়েক বছরে এক ডজন প্রতিশ্রুতিবান তরুণ ক্যাম্পাসে প্রাণ হারিয়েছেন। কর্তৃপক্ষ সন্তানহারা পিতা-মাতাকে এর কোন সদুত্তর দিতে পারেনি। বিশ্ববিদ্যালয় বন্ধ রেখে সমস্যা সমাধানের চেষ্টা চালানো হয়েছে। কিন্তু এ ব্যবস্থায় সমস্যার সাময়িক সমাধান হলেও তা নতুন সমস্যার জন্ম দিয়েছে। এতে শিক্ষা-বছর প্রলম্বিত হয়ে সেশন-জট সৃষ্টি হয়েছে। ছাত্রছাত্রীরা শিক্ষা জীবন নিয়ে হতাশ হয়ে পড়েছেন।

প্রফেসর মনিরুজ্জামান বলেন,

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে শিক্ষার

(প্রথম পৃঃ পর)

শুধুমাত্র যৌক্তিক পরিকল্পনা ও দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমেই ঢাকা বিশ্ব-বিদ্যালয় হৃতগৌরব ফিরে পেতে পারে। কিন্তু এর পূর্বশর্ত হচ্ছে এই প্রতি-ষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম সচল ও অব্যাহত রাখতে হবে। এ জন্য সব রকম সন্ত্রাসের মূলোৎপাটনের কোন বিকল্প নেই।

ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা সম্পর্কে ভাইস চ্যান্সেলর বলেন, বিশ্ববিদ্যালয় এমন একটি প্রতিষ্ঠান যার সশস্ত্র সন্ত্রাস দমনের কোন কার্যকর মাধ্যম নেই।